৩

# বাস্তুতন্ত্র ও বাস্তব্যবিদ্যা

## [Ecosystem and Ecology]

**❑ বাস্তুসংস্থান বা বাস্তব্যবিদ্যা বা ইকোলজি (Ecology) বলতে কি বোঝায়?**

প্রাণীবিজ্ঞানী হেকেল-এর মতে জীবের একটি সুনির্দিষ্ট পরিবেশে বেঁচে থাকার ঘটনা হল 'ইকোলজি'। আক্ষরিক অর্থে 'ইকোলজি' কথাটির মানে হল বাসস্থান (home) সম্পর্কে জ্ঞান বা অধ্যয়ন। আবার সামগ্রিক অর্থে জীবাণু, উদ্ভিদ, প্রাণী, মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্ক অনুসারে জৈব এবং অজৈব উপাদানগুলির মধ্যে সুনিয়ন্ত্রিত ও সক্রিয় ভাবে যে অবিরাম কাজ চলছে সেই বিষয়ে বিশদ জ্ঞান অর্জন করাকে বাস্তুসংস্থান বা ইকোলজি (Ecology) বলে। দুটি গ্রীক শব্দ থেকে ইকোলজি কথাটির উদ্ভব হয়েছে। শব্দ দুটি হল যথাক্রমে "oikos" (মানে বাড়ি বা গৃহ বা বাসস্থান, ইংরেজিতে home) এবং "logos" (অর্থাৎ জ্ঞান বা Knowledge)।

**❑ ইকোলজি শব্দটি প্রথম কে ব্যবহার করেন?**

ইকোলজি শব্দটি সর্বপ্রথম আর্নস্ট হেকেল (Ernst Haeckel; ১৮৬০) ব্যবহার করেন।

**❑ ইকোলজি পাঠের উদ্দেশ্য কি?**

ইকোলজি জানলে বিভিন্ন জীবের সংখ্যা অর্থাৎ "পপুলেশন" (population) সম্পর্কে ধারণা জন্মায়। তা ছাড়া, জীবের জিন ও কোষ সংক্রান্ত নানান তথ্য জানা যায়। কৃষিবিজ্ঞান, প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা, ভূগোল প্রভৃতি বিজ্ঞানের বিভিন্ন শাখাগুলির মধ্যে মেলবন্ধনের সুযোগ বাড়ে। জৈব সম্পদের সংরক্ষণ আরও বাস্তবমুখী হয় এবং মানুষের সচেতনতা বাড়ে।

**❑ বাস্তুতন্ত্র বা ইকোসিস্টেম (Ecosystem) কাকে বলে?**




বাস্তুতন্ত্র

খুব সহজ কথায়, বাস্তুতন্ত্র বা বাস্তুরীতি বলতে একটি নির্দিষ্ট স্থানের পরিবেশ, ঐ পরিবেশে বসবাসকারী জীবগোষ্ঠী, এবং ঐ জীবগোষ্ঠী ও পরিবেশের মধ্যে পারস্পরিক সম্পর্কের ফলে উৎপন্ন অবস্থাকে বোঝায়। অর্থাৎ সমস্ত জীবজগৎ এবং তাদের স্বাভাবিক বাসভূমি হল বাস্তুতন্ত্রের মূল ভিত্তি।

জীববিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে বাস্তুতন্ত্রের সংজ্ঞা হল— যে নির্দিষ্ট প্রণালীতে কোনও নির্দিষ্ট ভৌগোলিক অঞ্চলের জীবসম্প্রদায় নিজেদের মধ্যে এবং ঐ অঞ্চলের জড় বা অজৈব উপাদানের সাথে আদান-প্রদানের মাধ্যমে নিজের অস্তিত্ব রক্ষা করার জন্য উৎপন্ন উপাদানের বিনিময় ঘটায়, তাকে বাস্তুরীতি বা বাস্তুতন্ত্র (Ecosystem) বলে।





১৯৩৫ সালে বিজ্ঞানী ট্যান্স্লে (A. G. Tansley) সর্বপ্রথম ইকোসিস্টেম (Ecosystem) কথাটি ব্যবহার করেন।

বাস্তুতন্ত্রের উপর দেওয়া দুটি জনপ্রিয় এবং বহু উদ্ধৃত সংজ্ঞা নিচে দেওয়া হল—

(১) লিন্ডেম্যান (Lindeman) ১৯৪২ সালে বাস্তুতন্ত্রের সংজ্ঞায় বলেছেন যে, বাস্তুতন্ত্র হল পারস্পরিকভাবে সম্পর্কিত এবং গতিশীল বা পরিবর্তনশীল প্রকৃতির ভৌত, রাসায়নিক ও জৈব অবস্থা।

(২) ওডাম (Odum) ১৯৬৩ সালে বাস্তুতন্ত্র সম্পর্কে বলেছেন যে, বাস্তুতন্ত্র হল জীবগোষ্ঠী ও জড় পরিবেশের মধ্যে পারস্পরিক সম্পর্ক এবং এই সম্পর্কের মাধ্যমে একে অপরকে প্রভাবিত করার অবস্থা।

উপরে দেওয়া সংজ্ঞাগুলি বিশ্লেষণ করে এই সিদ্ধান্তে পৌঁছানো যায় যে, বাস্তুরীতি বা ইকোসিস্টেম হল একটি ক্রিয়াপদ্ধতি। এই পদ্ধতির সাহায্যে কোন একটি বিশেষ অঞ্চলে বসবাসকারী উদ্ভিদ, প্রাণী ও মানুষ শুধু যে নিজেদের মধ্যেই সম্পর্ক তৈরি করে তাই নয়, ঐ অঞ্চলের জড় উপাদান যেমন, মাটি, জল, বায়ু, সূর্যালোকের সাথেও সম্পর্ক তৈরি করতে সমর্থ হয়।

**❑ বাস্তুতন্ত্রের প্রধান নীতিগুলি (Principles) কি কি?**

বাস্তুতন্ত্রের তিনটি মূল নীতি (Principles) আছে। যথা, (১) পুষ্টিচক্র (Nutrient cycle), (২) শক্তি প্রবাহ (Energy flow) এবং (৩) উদ্ভিদ, প্রাণী ও মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্কের ভিত্তিতে গড়ে উঠা বাস্তুতন্ত্রের কাঠামো (Structure of ecosystem)।

**❑ বাস্তুতন্ত্র বা বাস্তুরীতির উপাদানগুলি কি কি?**

বাস্তুরীতি বা বাস্তুতন্ত্র দুটি প্রধান উপাদানে তৈরি। যথা— (১) জড় বা অজীবজাত বা অ্যাবায়োটিক (Abiotic) উপাদান এবং (২) সজীব বা জীবজাত বা বায়োটিক (Biotic) উপাদান। সজীব উপাদানের মধ্যে রয়েছে উৎপাদক শ্রেণী, খাদক শ্রেণী ও বিয়োজক শ্রেণী।

(১) **জড় বা অজীবজাত বা অ্যাবায়োটিক উপাদান ঃ** বাস্তুতন্ত্রের রাসায়নিক এবং ভৌত উপাদানগুলিকে জড়, অজীবজাত বা অ্যাবায়োটিক উপাদান বলে। এগুলি তিন ধরনের, যেমন—

(ক) **অজৈব পদার্থ ঃ** যেমন— নাইট্রোজেন, অক্সিজেন, হাইড্রোজেন, ফসফরাস, সালফার প্রভৃতি পদার্থ। এগুলি জীব ভূ-রাসায়নিক চক্রের মাধ্যমে পরিবেশের মধ্যে ভারসাম্য বজায় রাখে।

(খ) **জৈব পদার্থ ঃ** যেমন— প্রোটিন, কার্বোহাইড্রেট, হিউমাস, ফ্যাট প্রভৃতি পদার্থ। এগুলি জীবজগতের জৈব রাসায়নিক গঠন তৈরি করতে সাহায্য করে।

(গ) **ভৌত উপাদান ঃ** রাসায়নিক উপাদানগুলি ছাড়াও বাস্তুরীতির মধ্যে কিছু ভৌত বা প্রাকৃতিক উপাদান রয়েছে। এগুলি হল— সূর্যালোক, বৃষ্টিপাত, তাপ, বাতাস ইত্যাদি।

(২) **সজীব বা জীবজাত বা বায়োটিক উপাদান ঃ** বাস্তুতন্ত্রের সজীব উপাদানগুলিকে দু'ভাগে ভাগ করা যায়। যথা—

Scanned with CamScanner

(ক) **স্ব-ভোজী জীব বা উৎপাদক বা অটোট্রফিক উপাদান (Autotrophic Components) :** স্বভোজী উপাদান বলতে বাস্তুতন্ত্রের মধ্যে সেইসব জীবকে বোঝায়, যেগুলি সৌরশক্তি শোষণ করে কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন প্রভৃতি বিভিন্ন অজৈব উপাদানের সাহায্যে খাদ্য তৈরি করতে পারে। শৈবাল, সবুজ উদ্ভিদ, সালোক-সংশ্লেষকারী ব্যাকটিরিয়া প্রভৃতি বাস্তুরীতির স্বভোজী উপাদানের উদাহরণ।

এই উপাদানগুলি শুধুমাত্র খাদ্য প্রস্তুত করতে পারে বলে অর্থাৎ নিজেদের খাদ্য সংশ্লেষে সক্ষম বলে, এদের **উৎপাদক বা প্রডিউসার (Producers)** বলে।

(খ) **খাদক বা পরভোজী বা হেটেরোট্রফিক উপাদান (Heterotrophic Components) :** বাস্তুরীতির মধ্যে যে সমস্ত জীব নিজের খাদ্য উৎপাদন করতে পারে না এবং খাদ্যের জন্য উৎপাদকের উপর নির্ভরশীল, তাদের **খাদক বা পরভোজী উপাদান** বা **কনজিউমার (Consumers)** বলে।

**খাদ্যাভ্যাস বা খাদ্যের ধরন অনুসারে খাদক প্রাণীদের তিন ভাগে ভাগ করা হয়। যেমন—**

(১) **তৃণভোজী খাদক বা হার্বিভোর (Herbivores) :** খাদ্যের জন্য যে সমস্ত খাদক প্রাণী গাছপালা, লতা-পাতা খেয়ে বেঁচে থাকে তাদের **শাকাশী বা তৃণভোজী খাদক** বা হার্বিভোর বলে। যেমন— গরু, ছাগল, ভেড়া ইত্যাদি।

(২) **মাংসাশী-স্তন্যপায়ী খাদক বা কার্নিভোর (Carnivores) :** খাদ্যের জন্য যে সমস্ত স্তন্যপায়ী, মাংসাশী প্রাণী খাদক হিসেবে অন্যান্য প্রাণীদের খেয়ে বেঁচে থাকে এদের মাংসাশী-স্তন্যপায়ী প্রাণী বা কার্নিভোর বলে। যেমন— বাঘ, সিংহ ইত্যাদি।

(৩) **সর্বভুক খাদক বা ওমনিভোর (Omnivores) :** খাদ্যের জন্য যে সমস্ত প্রাণী খাদক হিসেবে উদ্ভিদ এবং অন্যান্য জীবজন্তুকে খেয়ে বেঁচে থাকে তাদের সর্বভুক খাদক বা ওমনিভোর বলে। যেমন— মানুষ।

**বাস্তুরীতি অনুসারে বা খাদ্য-খাদক সম্পর্কের স্তর অনুসারে ম্যাক্রোকনজিউমার অর্থাৎ খাদক প্রাণীদের তিন ভাগে ভাগ করা যায়।** যেমন—

(১) **প্রাথমিক খাদক :** যে সমস্ত খাদক খাদ্যের জন্য সরাসরি উৎপাদক অর্থাৎ সবুজ উদ্ভিদের উপর নির্ভর করে তাদের প্রাথমিক খাদক বলে। এরা সবাই শাকাশী বা তৃণভোজী প্রাণী। যেমন— গরু, ভেড়া, ছাগল, শামুক, ঝিনুক ইত্যাদি। ইংরাজি ভাষান্তরে প্রাথমিক খাদকদের **'প্রাইমারি কনজিউমার'** (Primary Consumer) বলে।

(২) **দ্বিতীয় স্তরের খাদক বা গৌণ খাদক :** যে সমস্ত খাদক-প্রাণী খাদ্য হিসেবে তৃণভোজী প্রাণীদের বা প্রাথমিক খাদকদের খায়, তাদের দ্বিতীয় স্তরের খাদক বা গৌণ খাদক বলে। এরা মাংসাশী-স্তন্যপায়ী প্রাণী। যেমন— কুকুর, বিড়াল, জলজ পতঙ্গ, ছোট মাছ, চিংড়ি ইত্যাদি। ইংরাজি ভাষান্তরে এই স্তরের খাদকদের **'সেকেন্ডারি কনজিউমার'** (Secondary Consumer) বলে।

(৩) **তৃতীয় স্তরের খাদক বা প্রগৌণ খাদক :** যে সমস্ত খাদক-প্রাণী খাদ্য হিসেবে দ্বিতীয় স্তরের খাদক বা গৌণ খাদকদের উপর নির্ভর করে, তাদের তৃতীয় স্তরের খাদক বা প্রগৌণ খাদক বলে। ইংরাজি ভাষান্তরে এই স্তরের খাদকদের **'টার্সিয়ারি কনজিউমার'** (Tertiary Consumer) বলে। যেমন— শোল, বোয়াল প্রভৃতি বড় মাছ, বক, পানকৌড়ি, উদ্‌বেড়াল, সাপ, মানুষ ইত্যাদি।





◆ **মাইক্রোকনজিউমার বা বিয়োজক :** বাস্তুতন্ত্রের যে সমস্ত উপাদান মৃতজীবী, অর্থাৎ যারা মৃত উদ্ভিদ ও খাদকদের মৃতদেহ বিয়োজিত ক'রে আবার সরল রাসায়নিক যৌগে পরিণত করে তাদের বিয়োজক বলে। যেমন— ব্যাকটিরিয়া, ছত্রাক, ইত্যাদি। এদের **'ডিকমপোজার'** বা **'মাইক্রোকনজিউমার'** (Decomposer or Micro-consumer) বলে।

বিয়োজকরা মৃত উদ্ভিদ ও প্রাণীর প্রোটোপ্লাজমের জটিল রাসায়নিক যৌগগুলিকে ভেঙ্গে কিছুটা নিজেরা নিজেদের পুষ্টির জন্য ব্যবহার করে এবং বাকিটা অজৈব লবণ হিসেবে প্রাকৃতিক পরিবেশে ফিরিয়ে দেয়, সবুজ উদ্ভিদেরা এই লবণগুলিকে খাদ্য উৎপাদনের জন্য ব্যবহার করে।

❑ **বাস্তুতন্ত্র বা বাস্তুরীতির মধ্যে কিভাবে কাজ চলে? বাস্তুতন্ত্রের কর্মপ্রণালী কি ধরনের?**

বাস্তুতন্ত্র বা বাস্তুরীতির মধ্যে চারটি পর্যায়ে কাজ হয়। যেমন—

(১) সূর্য থেকে আগত সৌরশক্তি সবুজ উদ্ভিদ বা স্বভোজী গোষ্ঠী শোষণ করে।

(২) মাটি, জল ও বাতাস থেকে অর্থাৎ পরিবেশ থেকে নানা ধরনের অজৈব লবণ বা উপাদান সংগ্রহ করে সবুজ উদ্ভিদরা জৈব উপাদান তৈরি করে।

(৩) স্বভোজী সবুজ উদ্ভিদ বা উৎপাদকদের তৈরি জৈব পদার্থ খাদ্য-খাদক সম্পর্কের মাধ্যমে বিভিন্ন খাদক স্তরে শক্তি হিসেবে ছড়িয়ে পড়ে। ফলে খাদক প্রাণীরা সুস্থ ও স্বাভাবিকভাবে বেঁচে থাকার সুযোগ পায় ও বংশ বিস্তার করে।

(৪) উদ্ভিদ ও প্রাণীরা মারা যাবার পর তাদের মৃতদেহ বিয়োজকদের সাহায্যে বিয়োজিত হয়ে অজৈব লবণ হিসেবে পুনরায় প্রাকৃতিক পরিবেশে ফিরে যায়।

❑ **বাস্তুতন্ত্রকে কয় ভাগে ভাগ করা যায়?**

বাসস্থান অর্থাৎ 'হ্যাবিট্যাট' অনুযায়ী বাস্তুতন্ত্রকে দু'ভাগে ভাগ করা যায়, যেমন— (ক) স্থলজ বাস্তুতন্ত্র (Terrestrial habitat) এবং (খ) জলজ বাস্তুতন্ত্র (Aquatic habitat)।

❑ **স্থলজ বাস্তুতন্ত্রকে কয় ভাগে ভাগ করা যায়?**

স্থলজ বাস্তুতন্ত্রকে বাসস্থান অর্থাৎ 'হ্যাবিট্যাট' অনুযায়ী প্রধানত পাঁচ ভাগে ভাগ করা যায়। যেমন— (১) বনভূমির বাস্তুতন্ত্র, (২) তৃণভূমির বাস্তুতন্ত্র, (৩) মরুভূমির বাস্তুতন্ত্র, (৪) তুন্দ্রা অঞ্চলের বাস্তুতন্ত্র, ও (৫) সাভানা অঞ্চলের বাস্তুতন্ত্র।

❑ **জলজ বাস্তুতন্ত্রকে কয় ভাগে ভাগ করা যায়?**

জলজ বাস্তুতন্ত্রকে বাসস্থান অর্থাৎ 'হ্যাবিট্যাট' অনুযায়ী দু'ভাগে ভাগ করা যায়। যেমন— (১) স্বাদু জলের বাস্তুতন্ত্র ও (২) সামুদ্রিক বাস্তুতন্ত্র। সামুদ্রিক বাস্তুতন্ত্রের আবার দু'টি ভাগ আছে, যেমন— (ক) অগভীর সমুদ্রের বাস্তুতন্ত্র এবং (খ) গভীর সমুদ্রের বাস্তুতন্ত্র।

❑ **'ইকোক্লাইন' (Ecocline) কথাটির অর্থ কি?**

প্রাকৃতিক পরিবেশে দু'টি পৃথক বাস্তুতন্ত্রের মধ্যে সংমিশ্রণ বা সংক্রমণের অবস্থাকে 'ইকোক্লাইন' বলে। আমরা জানি যে, পৃথিবীর সর্বত্র জলবায়ু বা ভূ-পৃষ্ঠের উচ্চতা সমান নয়। তাই এক-এক ধরনের জলবায়ু এবং এক-এক ধরনের উচ্চতায় এক-এক রকমের বাস্তুতন্ত্র তৈরি হয়। যেমন, নিরক্ষীয় অঞ্চলে বনভূমির বাস্তুতন্ত্র আবার মরুভূমি অঞ্চলে মরুভূমির বাস্তুতন্ত্র। এই উদাহরণ অনুসারে যেখানে বৃষ্টি বেশি সেখানে বনভূমি আর যেখানে বৃষ্টি হয় না বললেই চলে সেখানে মরুভূমি পরিবেশ। সুতরাং এক জায়গা থেকে অন্য জায়গায় জলবায়ু ধীরে ধীরে যেমন বদলাবে, তেমনি এক স্থান থেকে অন্য স্থানে গাছপালা-জীবজন্তুর বৈশিষ্ট্যও বদলে যাবে। তাই ভূ-পৃষ্ঠের

Scanned with CamScanner

উপরে এমন বহু জায়গা বা অবস্থা আছে যেখানে এক এলাকার বাস্তুতন্ত্রের সাথে অন্য এলাকার বাস্তুতন্ত্রের মিশ্রণ ঘটছে। দুটি আলাদা বাস্তুতন্ত্রের মধ্যে এই সংমিশ্রণের অবস্থা (transition) হল ইকোক্লাইন। যেমন, খুব ছোট্ট করে বলতে গেলে, শিলিগুড়ি বা জলপাইগুড়ি থেকে দার্জিলিং যাওয়ার পথে গাছপালার দিকে নজর রাখলেই এই পরিবর্তন আমাদের চোখে পড়বে।

**❑ উৎপাদক ও খাদক প্রাণীদের মধ্যে তফাত কি?**

উৎপাদক ও খাদক প্রাণীদের মধ্যে কয়েকটি মূল পার্থক্য রয়েছে। যেমন—

| উৎপাদক | খাদক |
|---|---|
| ১. সবুজ উদ্ভিদ বা স্বভোজী বা উৎপাদকরা নিজেরা নিজেদের খাদ্য তৈরি করে ও গ্রহণ করে। | ১. খাদক প্রাণীরা পরভোজী শ্রেণির। এরা নিজেদের খাদ্য উৎপাদন করতে পারে না। তাই এরা উদ্ভিদ ও অন্যান্য প্রাণীদের খাদ্য হিসেবে গ্রহণ করে। |
| ২. উৎপাদক বা সবুজ উদ্ভিদের সংখ্যা খাদক প্রাণীদের তুলনায় বহুগুণে বেশি। | ২. উৎপাদক সবুজ উদ্ভিদের তুলনায় খাদক প্রাণীর সংখ্যা যথেষ্ট কম। |
| ৩. উৎপাদকরা সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় অক্সিজেন, তৈরি করতে পারে। ফলে এরা পরিবেশে অক্সিজেনের যোগান দেয়। | ৩. খাদক প্রাণীরা অক্সিজেন উৎপাদন করতে পারে না। এরা পরিবেশ থেকে অক্সিজেন গ্রহণ করে। |
| ৪. এরা সৌরশক্তিকে সরাসরি কাজে লাগাতে পারে ও দেহে আবদ্ধ করতে পারে। | ৪. খাদক প্রাণী সৌরশক্তিকে নিজেদের দেহে আবদ্ধ করতে পারে না। |
| ৫. এদের শরীরে ক্লোরোফিল আছে। (কয়েকটি ব্যাক্টিরিয়া বাদে)। | ৫. এদের শরীরে ক্লোরোফিল নেই। |

**❑ খাদক ও বিয়োজকের মধ্যে পার্থক্য কি?**

খাদক ও বিয়োজকদের মধ্যে মূল পার্থক্য হল—

খাদকরা উৎপাদকদের তৈরি খাদ্য বা অন্যান্য প্রাণীদের খাদ্য হিসেবে গ্রহণ করে। যেমন— গরু, ছাগল, বাঘ, সিংহ, মানুষ।

বিয়োজকরা আণুবীক্ষণিক জীব। মৃত উদ্ভিদ ও প্রাণীদের শরীরের জটিল যৌগগুলিকে ভেঙে সরল রাসায়নিক যৌগে পরিণত করাই এদের কাজ। যেমন— ছত্রাক, ব্যাকটিরিয়া।

**❑ উৎপাদক ও বিয়োজকের মধ্যে পার্থক্য কি?**

উৎপাদক ও বিয়োজক দু'ধরনের জীবগোষ্ঠীই বাস্তুরীতির উপাদান। তবে এদের মধ্যে কিছু মূল পার্থক্য আছে, যেমন—

| উৎপাদক (প্রোডিউসার) | বিয়োজক (ডিকম্‌পোজার) |
|---|---|
| ১. এরা সৌরশক্তিকে দেহে আবদ্ধ করতে পারে। | ১. এরা সৌরশক্তিকে দেহে আবদ্ধ করতে পারে না। |
| ২. সবুজ উদ্ভিদের দেহে ক্লোরোফিল থাকার জন্য এরা খাদ্য | ২. বিয়োজকদের দেহে ক্লোরোফিল নেই বলে এরা খাদ্য সংশ্লেষ করতে পারে না। |
| ৩. এরা সালোকসংশ্লেষের মাধ্যমে নিজেদের পুষ্টি যোগান দেয়। | ৩. এরা মৃত উদ্ভিদ ও প্রাণীর দেহাবশেষ থেকে পুষ্টি উপাদান সংগ্রহ করে। |
| ৪. এরা স্বভোজী। | ৪. এদের অধিকাংশই মৃতজীবী সম্প্রদায়। |





❑ খাদ্যশৃঙ্খল কাকে বলে?

**খাদ্য-খাদক সম্পর্কের ভিত্তিতে উৎপাদক স্তর থেকে ধাপে ধাপে বিভিন্ন জীবগোষ্ঠীর মধ্যে খাদ্য-শক্তির ধারাবাহিক প্রবাহকে "খাদ্যশৃঙ্খল" বলে।**

বিজ্ঞানী ওডাম ১৯৬৬ সালে খাদ্য-শৃঙ্খলের যে সংজ্ঞা দিয়েছেন, তা হল : খাদ্য-খাদক সম্পর্কের উপর ভিত্তি ক'রে যে নির্দিষ্ট প্রণালীতে খাদ্যশক্তি উৎপাদক থেকে ক্রমপর্যায়ে আরও উন্নত জীবগোষ্ঠীর মধ্যে প্রবাহিত হয়, শক্তিপ্রবাহের সেই ক্রমিক পর্যায়কে খাদ্য-শৃঙ্খল বলে। পরিবেশের মধ্যে বিভিন্ন ধরনের বাস্তুরীতিতে বিভিন্ন প্রকারের খাদ্যশৃঙ্খল দেখা যায়, যেমন—

(১) নদী, পুকুর, হ্রদ বা জলাশয় এলাকার মিষ্টি জলের বাস্তুতন্ত্রে খাদ্যশৃঙ্খল—

**উদাহরণ :** উদ্ভিদ ⟶ পতঙ্গ ⟶ মাছ ⟶ মানুষ

এখানে উদ্ভিদ সৌরশক্তি থেকে খাদ্যশক্তি উৎপাদন করে নিজেদের মধ্যে শক্তি বা এনার্জি মজুত করে। তাই উদ্ভিদ রয়েছে উৎপাদক স্তরে। জলজ কীটপতঙ্গ বেঁচে থাকার জন্য খাদ্য হিসেবে শ্যাওলা, ঝাঁজি, পানা খায়। ফলে উদ্ভিদ স্তর থেকে খাদ্যশক্তি এবার পতঙ্গ স্তরে পৌঁছায়। এরপর মাছ কীট-পতঙ্গ খায়। সুতরাং এইভাবে খাদ্যশক্তি পতঙ্গ থেকে আর একটু বড় প্রাণী মাছেদের মধ্যে পৌঁছায়। তারপর মানুষ যখন মাছ খায়, তখন খাদ্যশক্তি মাছেদের স্তর ছড়িয়ে মানুষের স্তরে উপনীত হয়। এইভাবে পরিবেশের মধ্যে শক্তি খাদ্যের মাধ্যমে অনবরত উৎপাদক স্তর থেকে ক্রমশ বড় এবং আরও বড় প্রাণীদের মধ্যে ছড়িয়ে পড়ছে। এর মধ্যে কোন ছেদ নেই। এ যেন "চেন" বা শিকলের মত একটার পর একটা যুক্ত হয়ে রয়েছে। এই কারণে একে খাদ্যশৃঙ্খল বলে।

(২) বনভূমি এলাকায় অর্থাৎ বনভূমির বাস্তুরীতিতে খাদ্যশৃঙ্খলের আর একটি উদাহরণ নিচে দেওয়া হল—

যেমন— উদ্ভিদ ⟶ হরিণ ⟶ বাঘ

**❑ খাদ্যশৃঙ্খল কিভাবে তৈরি হয়?**

সবুজ উদ্ভিদ বা উৎপাদকরা সালোকসংশ্লেষের সময়ে সৌর শক্তি থেকে রাসায়নিক শক্তি উৎপাদন করে নিজেদের দেহে মজুত করে রাখে। প্রাথমিক খাদকরা উৎপাদকদের (সবুজ উদ্ভিদ) খাদ্য হিসেবে গ্রহণ করলে ঐ রাসায়নিক শক্তির কিছুটা প্রাথমিক খাদকদের মধ্যে পৌঁছায়।

যেমন— শৈবাল [উৎপাদক] ⟶ কীটপতঙ্গ [প্রাথমিক খাদক]

এরপরে দ্বিতীয় স্তরের খাদক বা গৌণ খাদকেরা প্রাথমিক খাদকদের খেলে, ঐ প্রাথমিক খাদক স্তর থেকে কিছুটা শক্তি গৌণ খাদকদের মধ্যে পৌঁছায়।

যেমন— শৈবাল [উৎপাদক] ⟶ জলজ কীট [প্রাথমিক খাদক] ⟶ মাছ [দ্বিতীয় স্তরের/খাদক/গৌণ খাদক]

এইভাবে গৌণ খাদকদের প্রগৌণ খাদকেরা ভক্ষণ করলে, গৌণ খাদক স্তর থেকে কিছুটা রাসায়নিক শক্তি তৃতীয় স্তরে প্রগৌণ খাদকদের মধ্যে পৌঁছায়।

যেমন— শৈবাল [উৎপাদক] ⟶ জলজ কীট [প্রাথমিক খাদক] ⟶ মাছ [গৌণ খাদক] ⟶ মানুষ [প্রগৌণ খাদক]

সুতরাং উৎপাদক স্তর থেকে বিভিন্ন ধরনের খাদক বা পুষ্টি স্তরে শক্তি বাধাহীন ভাবে প্রবাহিত হয়। ফলে খাদ্যশৃঙ্খল গড়ে ওঠে।



Scanned with CamScanner

**❑ খাদ্যশৃঙ্খল কয় প্রকার?**

প্রাকৃতিক পরিবেশ বা বাস্তুতন্ত্রে খাদ্যশৃঙ্খল দু'প্রকার। যেমন — (১) গ্রেজার বা গ্রেজিং খাদ্যশৃঙ্খল (Grazer Food Chain) (২) ডেট্রিটাস খাদ্যশৃঙ্খল (Detritus Food Chain)

(১) **গ্রেজার বা গ্রেজিং খাদ্যশৃঙ্খল** ঃ যে খাদ্যশৃঙ্খলে উৎপাদক স্তর থেকে শক্তি ধাপে ধাপে তৃণভোজী ও মাংসাশী প্রাণীদের মধ্যে সংক্রামিত হয়, তাকে গ্রেজার বা গ্রেজিং খাদ্যশৃঙ্খল বলে। যেমন—

ডাঙায় বা স্থলভাগে ঃ (ক) উদ্ভিদ ⟶ খরগোস ⟶ শিয়াল
(খ) উদ্ভিদ ⟶ হরিণ ⟶ বাঘ

নদী বা পুকুরে অর্থাৎ
জলভাগে ঃ (ক) উদ্ভিদ ⟶ পতঙ্গ ⟶ মাছ ⟶ বক
(খ) ফাইটোপ্ল্যাংটন ⟶ জুপ্ল্যাংটন ⟶ ছোটমাছ ⟶ বড়মাছ

গ্রেজার বা গ্রেজিং খাদ্যশৃঙ্খলকে বাংলায় চারণ-ভূমির **খাদ্যশৃঙ্খল** বলা হয়। গ্রেজিং বা চারণ-ভূমির **খাদ্যশৃঙ্খল** দুই প্রকার, যেমন, (ক) শিকারজীবী শৃঙ্খল (Predator Chain), (খ) পরজীবী শৃঙ্খল (Parasitic Chain)।

(২) **ডেট্রিটাস খাদ্যশৃঙ্খল** ঃ যে খাদ্যশৃঙ্খলে বিয়োজক স্তর থেকে খাদক স্তরে শক্তি ধাপে ধাপে সঞ্চারিত হয়, তাকে ডেট্রিটাস খাদ্যশৃঙ্খল বলে। যেমন—

বিয়োজকদের মাধ্যমে
উৎপাদিত পচা পাতা ⟶ ক্ষুদ্র জলজ প্রাণী বা লার্ভা ⟶ ছোট মাছ ⟶ বড় মাছ

**❑ ডেট্রিটাস কথাটির অর্থ কি?**

ছত্রাক, ব্যাকটিরিয়া প্রভৃতি বিয়োজকরা উদ্ভিদ ও প্রাণীর মৃতদেহ, আবর্জনা ও অন্যান্য বর্জ্য পদার্থকে যখন আংশিকভাবে পচিয়ে ফেলে, তখন ঐ অসম্পূর্ণ অর্ধ বিয়োজিত পদার্থকে ডেট্রিটাস (detritus) বলে [**বিয়োজন শব্দটির অর্থ হল পচন ধরানো**]।

**❑ ডেট্রিভোর কাকে বলে?**

ডেট্রিটাস বা আংশিকভাবে বিয়োজিত জৈব পদার্থকে যে সমস্ত ছোট ছোট প্রাণী খাদ্য হিসাবে গ্রহণ করে, তাদের ডেট্রিভোর (Detrivores) বলে। যেমন, কেঁচো, উইপোকা, কৃমি ইত্যাদি।

**❑ খাদ্য-জাল বা খাদ্য-জালিকা বা ফুড ওয়েব কাকে বলে?**

বাস্তুরীতি বা বাস্তুতন্ত্রের মধ্যে বিভিন্ন খাদ্য-খাদক সম্পর্কের ভিত্তিতে গড়ে ওঠা খাদ্য-শৃঙ্খলগুলি নানাভাবে একে অপরের সাথে যুক্ত হলে, পরিবেশে বিভিন্ন খাদ্যশৃঙ্খলের মধ্যে খাবারের আদান-প্রদানকে কেন্দ্র করে যে জাল গড়ে ওঠে তাকে খাদ্য-জাল বা খাদ্য-জালিকা বা ফুড ওয়েব (Food Web) বলে। যেমন—

খাদ্যশৃঙ্খল (১) ঘাস → ঘাসফড়িং → বাজপাখি
খাদ্যশৃঙ্খল (২) ঘাস → ঘাসফড়িং → গিরগিটি → বাজপাখি
খাদ্যশৃঙ্খল (৩) ঘাস → খরগোস → বাজপাখি
খাদ্যশৃঙ্খল (৪) ঘাস → ইঁদুর → বাজপাখি
খাদ্যশৃঙ্খল (৫) ঘাস → ইঁদুর → সাপ → বাজপাখি



উপরের দেওয়া উদাহরণ থেকে দেখা যায় যে, উৎপাদক স্তরে ঘাস এবং সর্বোচ্চ খাদক স্তরে বাজপাখির মধ্যে পাঁচ রকম খাদ্যশৃঙ্খল আন্তঃসংযুক্ত হয়ে একটি খাদ্যজাল বা খাদ্যজালিকা বা 'ফুড ওয়েব' (Food Web) গঠন করেছে।

**❑ শক্তিপ্রবাহ কাকে বলে?**

বাস্তুরীতি বা বাস্তুতন্ত্রে সৌরশক্তি রূপান্তরিত হয়ে এক দেহ থেকে অন্য দেহে স্থানান্তরিত হওয়ার পদ্ধতিকে "শক্তিপ্রবাহ" বা এনার্জি ফ্লো (Energy Flow) বলে। সৌরশক্তি উদ্ভিদের মধ্যে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হওয়ার পর ঐ উদ্ভিদ যখন তৃণভোজী প্রাণীর খাদ্যে পরিণত হয়, তখন খাদ্যের মাধ্যমে শক্তি পুষ্টির স্তর অনুসারে ধাপে ধাপে ছড়িয়ে পড়ে। যেমন—




**❑ বাস্তুতন্ত্রে শক্তি কিভাবে প্রবাহিত হয়?**

বাস্তুরীতিতে শক্তি প্রবাহিত হওয়ার কয়েকটি বিশেষ ধরন আছে। যেমন—

(১) সমস্ত শক্তিপ্রবাহের মূল উৎস হল সৌরশক্তি। সৌরশক্তির যোগান ছাড়া বাস্তুরীতির বা বাস্তুতন্ত্রের কোনো অস্তিত্ব নেই। উৎপাদক স্তরে সবুজ উদ্ভিদ সর্বপ্রথম সৌরশক্তিকে সালোকসংশ্লেষের মাধ্যমে নিজেদের দেহে সঞ্চয় করে। এবং তারপরে ঐ সঞ্চিত শক্তি অন্যান্য খাদক স্তরে ছড়িয়ে পড়ে।

(২) বাস্তুতন্ত্রে শক্তিপ্রবাহ সর্বদা একমুখী। যেমন— সূর্য থেকে আগত শক্তি প্রথমে উৎপাদক স্তরে সবুজ উদ্ভিদের মধ্যে আবদ্ধ হয় এবং খাদ্যশৃঙ্খলের মধ্য দিয়ে বিভিন্ন খাদক স্তরে ঐ শক্তি পৌঁছায়। অর্থাৎ শক্তিপ্রবাহ বাস্তুরীতিতে সর্বদা উৎপাদক স্তর থেকে প্রগৌণ খাদক স্তরে পৌঁছাবে, এটাই নিয়ম। প্রগৌণ খাদক স্তর থেকে ক্রমশ নিচের দিকে উৎপাদক স্তরে শক্তিপ্রবাহের কোনো সুযোগ নেই।

(৩) যেভাবে পরিবেশের মধ্যে অক্সিজেন, কার্বন ডাই-অক্সাইড, নাইট্রোজেন প্রভৃতি গ্যাসের আবর্তন হয়, সেভাবে বাস্তুতন্ত্রে শক্তির কোন আবর্তন হয় না।

(৪) প্রাথমিক স্তর থেকে গৌণ খাদক এবং প্রগৌণ খাদক স্তরে যতই শক্তি স্থানান্তরিত হয়, ততই শক্তির যোগান কমতে থাকে। বিজ্ঞানী লিন্ডেম্যান ১৯৪২ সালে তাঁর বিখ্যাত **'দশ**



Scanned with CamScanner

শতাংশের সূত্র' অনুসারে (10 per cent Law) বাস্তুরীতির মধ্যে শক্তিপ্রবাহের ক্রমহ্রাসমান বৈশিষ্ট্য ব্যাখ্যা করেন। এই তত্ত্ব অনুসারে দেখা যায় যে, খাদ্যশৃঙ্খলের প্রতিটি স্তরে দশ শতাংশ শক্তি দেহ গঠনের কাজে ব্যবহৃত হয়। নিচের প্রবাহচিত্রে লিন্‌ডেম্যান-এর দশ শতাংশ নীতি ব্যাখ্যা করা হল ঃ




বাস্তুতন্ত্রে শক্তির প্রবাহ তাপগতি বিদ্যার প্রথম ও দ্বিতীয় সূত্র অনুসরণ করে। তাপগতি বিদ্যা বা থার্মোডায়নামিক্স (Thermodynamics)-এর প্রথম সূত্রে বলা হয়েছে যে, **'শক্তিকে রূপান্তরিত করা যায়, কিন্তু সৃষ্টি বা ধ্বংস করা যায় না'**। আবার দ্বিতীয় সূত্রে বলা হয়েছে যে, **'শক্তি রূপান্তরিত হওয়ার সময়ে হ্রাস পায়'**। বাস্তুতন্ত্রে সৌরশক্তি থেকে উদ্ভিদের দেহে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হওয়া তাপগতি বিদ্যার প্রথম সূত্রকে অনুসরণ করে। আবার বিভিন্ন খাদক স্তরে রূপান্তরিত হওয়ার সময়ে যে শক্তি হ্রাস পায়, তা তাপগতি বিদ্যার দ্বিতীয় সূত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায়।

◆ **বাস্তুতন্ত্রে শক্তিপ্রবাহের বিভিন্ন পর্যায় ঃ** বাস্তুতন্ত্রে তিনটি পর্যায়ে শক্তি প্রবাহিত হয়, যেমন— (১) শক্তি অর্জন; (২) শক্তির ব্যবহার; এবং (৩) শক্তির স্থানান্তর।

(১) **শক্তি অর্জন ঃ** বাস্তুতন্ত্রে শক্তির মূল উৎস হল সূর্যের আলো। তবে পৃথিবীতে সূর্য থেকে যত আলোকশক্তি পৌঁছায় তার মাত্র ০·১% সবুজ উদ্ভিদের দেহে রাসায়নিক শক্তি হিসেবে আবদ্ধ হয়। এখানে উল্লেখ করা যায় যে, সূর্য থেকে পৃথিবীতে আগত মোট আলোকশক্তির পরিমাণ $১২·৩ \times ১০^{২২}$ কিলো ক্যালোরি।

**সালোকসংশ্লেষের সময়ে সবুজ উদ্ভিদ আলোকশক্তিকে রাসায়নিক পদ্ধতিতে রূপান্তরিত করে যে পরিমাণ শক্তি তার নিজের দেহে আবদ্ধ করে তাকে 'মোট প্রাথমিক উৎপাদন' (Gross Primary Production – G.P.P.)** বলে।

**মোট প্রাথমিক উৎপাদন বা সালোকসংশ্লেষের সময়ে উদ্ভিদের দেহে যে পরিমাণ শক্তি আবদ্ধ হয়, তা থেকে উদ্ভিদের নিজস্ব প্রয়োজনে কিছু শক্তি ব্যয় হবার পরও যে অবশিষ্ট শক্তি সবুজ উদ্ভিদের দেহে সঞ্চিত থাকে তাকে 'নিট প্রাথমিক উৎপাদন' (Net Primary Production — N.P.P.) বলে।** বিজ্ঞানীদের হিসাব মতন মোট প্রাথমিক উৎপাদনের ৫০-৫৮% হল নিট প্রাথমিক উৎপাদন।

সুতরাং নিট প্রাথমিক উৎপাদন সবসময়ে মোট প্রাথমিক উৎপাদনের চেয়ে কম হয়। খাদ্যশৃঙ্খলে উৎপাদক স্তর থেকে খাদক স্তরে নিট প্রাথমিক উৎপাদনের জন্য উদ্বৃত্ত শক্তি স্থানান্তরিত হয়।





(২) **শক্তির ব্যবহার ঃ** উৎপাদক স্তরে সবুজ উদ্ভিদরা নিট প্রাথমিক উৎপাদনের সাহায্যে যে উদ্বৃত্ত শক্তিকে নিজেদের মধ্যে ধরে রাখে তাই হল আসল শক্তি। এই শক্তি প্রাথমিক খাদকেরা খাদ্যের মাধ্যমে উৎপাদকদের কাছ থেকে পায়। প্রাথমিক খাদকেরা, যেমন— কীটপতঙ্গ, নিজেদের শারীরবৃত্তীয় প্রয়োজনে ঐ অর্জিত শক্তি খরচ করার পর যে উদ্বৃত্ত শক্তি তাদের দেহে আবদ্ধ করে রাখে তাই হল গৌণ খাদকের আসল শক্তি। এইভাবে খাদ্যশৃঙ্খলের বিভিন্ন ধাপে আসল শক্তির পরিমাণ কমে এবং পরবর্তী স্তরে অর্জিত শক্তির পরিমাণও কমে যায়। খাদকদের মধ্যে এই অর্জিত শক্তিকে আসল অর্জিত শক্তি বলে। ইংরাজি ভাষান্তরে **আসল অর্জিত শক্তিকে 'গ্রস এনার্জি ইনটেক'** (Gross Energy Intake) বলে।

আসল অর্জিত শক্তি (Gross Energy Intake) থেকে যে পরিমাণ শক্তি প্রাণীদেহে তাপ উৎপাদন এবং অন্যান্য শারীরিক প্রয়োজনে খরচ হয়ে যায়, তাকে **'শ্বসন শক্তি' বা 'রেসপিরেটারি এনার্জি' (Respiratory Energy)** বলে।

(৩) **শক্তির স্থানান্তর ঃ** বাস্তুতন্ত্রে উৎপাদক স্তর থেকে খাদ্যশৃঙ্খলের মাধ্যমে বিভিন্ন প্রাণীস্তরে শক্তি প্রবাহিত হয়। এই প্রবাহ একমুখী এবং শক্তির স্থানান্তর তাপগতি বিদ্যার প্রথম ও দ্বিতীয় সূত্রকে অনুসরণ করে। **(এই বিষয়ে 'শক্তি কিভাবে প্রবাহিত হয়?' [পৃঃ ৭৯] অংশে বিশদ আলোচনা করা হয়েছে।)**

### ❑ বাস্তুতন্ত্রে উৎপাদনশীলতা বলতে কি বোঝায়?

বাস্তুতন্ত্রে বা বাস্তুরীতিতে উৎপাদনশীলতা বলতে সবুজ উদ্ভিদ বা উৎপাদক স্তরে সৌরশক্তিকে রাসায়নিক শক্তিতে রূপান্তরের পরিমাণকে বোঝায়। শক্তির যোগান অনুসারে উৎপাদনশীলতা দু'ধরনের, যথা— (১) মোট প্রাথমিক উৎপাদন (Gross Primary Production—GPP) (২) নিট প্রাথমিক উৎপাদন (Net Primary Production—NPP)

(১) **মোট প্রাথমিক উৎপাদন ঃ** সালোকসংশ্লেষের সময়ে সবুজ উদ্ভিদ আলোকশক্তিকে রাসায়নিক পদ্ধতিতে রূপান্তরিত করে যে পরিমাণ শক্তি তার নিজের দেহে আবদ্ধ করে তাকে 'মোট প্রাথমিক উৎপাদন' (Gross Primary Production – GPP) বলে।

(২) **নিট প্রাথমিক উৎপাদন ঃ** মোট প্রাথমিক উৎপাদন বা সালোকসংশ্লেষের সময়ে উদ্ভিদের দেহে যে পরিমাণ শক্তি আবদ্ধ হয়, তা থেকে উদ্ভিদের নিজস্ব প্রয়োজনে কিছু শক্তি ব্যয় হবার পরও যে অবশিষ্ট শক্তি সবুজ উদ্ভিদের দেহে সঞ্চিত থাকে তাকে 'নিট প্রাথমিক উৎপাদন' (Net Primary Production — NPP) **বলে**। বিজ্ঞানীদের হিসাবমতন মোট প্রাথমিক উৎপাদনের ৫০-৫৮% হল নিট প্রাথমিক উৎপাদন।

সুতরাং নিট প্রাথমিক উৎপাদন সবসময়ে মোট প্রাথমিক উৎপাদনের চেয়ে কম হয়। উৎপাদক স্তর থেকে খাদক স্তরে নিট প্রাথমিক উৎপাদনের জন্য উদ্বৃত্ত শক্তি স্থানান্তরিত হয়।

### ❑ বাস্তুতন্ত্রে সূর্যকে শক্তির উৎস বলে কেন?

বাস্তুতন্ত্রে সূর্যই হল শক্তির মূল উৎস। কারণ সূর্য ছাড়া পৃথিবীতে উদ্ভিদ, প্রাণী ও মানুষের প্রয়োজনমত শক্তি যোগান দেওয়ার আর কোন উৎস নেই। সূর্য পৃথিবীকে যে কোটি কোটি বছর ধরে আলোকশক্তি পাঠিয়ে চলেছে তাকে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত করে প্রথমে সবুজ উদ্ভিদ তার নিজের দৈহিক প্রয়োজন মেটায়। এবং অবশিষ্ট শক্তি পুষ্টি বা পরিপোষক হিসেবে খাদ্য অণুর মধ্যে স্থিতিশক্তি বা রাসায়নিক শক্তি রূপে সঞ্চিত করে রাখে।

এই রাসায়নিক শক্তি আসল অর্জিত শক্তি হয়ে (Gross Energy Intake) প্রাথমিক খাদকের দেহে সঞ্চারিত হয়। যেমন— উদ্ভিদ স্তর থেকে শক্তি তৃণভোজী প্রাণীর মধ্যে ছড়িয়ে পড়ে।

আবার তৃণভোজী প্রাণীকে খাদ্য হিসেবে গ্রহণ করে মাংসাশী প্রাণী তার শক্তির প্রয়োজন মেটায়। দেহের মধ্যে তাপশক্তি তৈরি করার জন্য বা গতিশক্তি তৈরি করার জন্য খাদ্য হিসেবে তৃণভোজীদের থেকে মাংসাশীরা এই শক্তির যোগান পায়।

সুতরাং শক্তির মূল উৎস হল সূর্য। এই উৎস থেকেই শক্তি ধাপে ধাপে প্রথমে উদ্ভিদ বা উৎপাদকদের মধ্যে, তারপরে তৃণভোজীদের মধ্যে, তারও পরে মাংসাশীদের মধ্যে এবং সবশেষে সর্বভুক প্রাণীদের মধ্যে ছড়িয়ে পড়ে। তাই প্রতিটি জীবের মধ্যে যে রাসায়নিক শক্তি পাওয়া যায় তা হল আসলে রূপান্তরিত সৌরশক্তি।

**❑ শক্তি কয়প্রকার ও কি কি?**

প্রাকৃতিক পরিবেশে নানা ধরনের, নানা রূপের শক্তি আছে। এদের দুটি প্রধান শ্রেণীতে বিভক্ত করা হয়। যেমন— (১) স্থিতিশক্তি এবং (২) গতিশক্তি।

(১) **স্থিতিশক্তি** : স্বাভাবিক অবস্থা থেকে পরিবর্তন করে কোনো বস্তুকে অন্য অবস্থায় আনলে ঐ বস্তুর মধ্যে যে শক্তি সঞ্চিত হয়, তাকে তার স্থিতিশক্তি বলে। যেমন— গাছপালা মাটির নিচে বহুদিন ধরে চাপা পড়ে থাকার ফলে পরিবর্তিত হয়ে কয়লায় রূপান্তরিত হয়। সুতরাং কয়লার মধ্যে যে শক্তি সঞ্চিত রয়েছে তাই হল কয়লার স্থিতিশক্তি। এইভাবে বিভিন্ন খাদ্যবস্তুর মধ্যেও স্থিতিশক্তি সঞ্চিত হয়ে আছে। ইংরাজি ভাষান্তরে "স্থিতিশক্তিকে" "পোটেনসিয়াল এনার্জি" (Potential energy) বলে।

(২) **গতিশক্তি** : যে কোনো গতিশীল বস্তু তার গতির জন্য যে শক্তি পায় তাকে গতিশক্তি বলে। যেমন— আলোকশক্তি, তাপশক্তি, শব্দশক্তি, তড়িৎশক্তি ইত্যাদি।

**❑ পুষ্টি স্তর বা ট্রফিক লেভেল কাকে বলে?**

গ্রীক শব্দ 'ট্রফ' (Troph) কথাটির অর্থ হল খাদ্যের যোগান। সুতরাং ট্রফিক লেভেল বলতে খাদ্যের যোগান সংক্রান্ত স্তর বা বাস্তুরীতির মধ্যে পুষ্টির ক্রমপর্যায় অনুসারে প্রত্যেক স্তরকে বোঝায়। যথা;(১) উৎপাদক স্তর (উদ্ভিদ); (২) প্রাথমিক খাদক স্তর (যেমন— কীটপতঙ্গ); (৩) গৌণ খাদক স্তর (যেমন, মাছ); (৪) প্রগৌণ খাদক স্তর (যেমন— মানুষ)। এখানে উল্লেখ করা দরকার যে, উৎপাদক স্তর থেকে যত উপরের স্তরে যাওয়া যায়, পুষ্টির পরিমাণ কমে।








**❑ খাদ্য পিরামিড কাকে বলে?**

বাস্তুতন্ত্রের মধ্যে খাদ্য-খাদক সম্পর্কের উপর ভিত্তি করে পুষ্টির গঠন বা খাদ্যের যোগান ব্যবস্থাকে পর পর ক্রম অনুসারে সাজালে যে পিরামিড বা শিখর তৈরি হয়, তাকে **খাদ্য পিরামিড বা ফুড পিরামিড (Food Pyramid)** বলে। "বাস্তুসংস্থানের পিরামিড" বা "ইকোলজিক্যাল পিরামিড" নামেও একে অভিহিত করা হয়।




*খাদ্য পিরামিড*

খাদ্য পিরামিডের সবচেয়ে নিচের স্তরে রয়েছে উৎপাদক (যেমন— সবুজ উদ্ভিদ)। এরা সংখ্যায় ও পরিমাণে সবচেয়ে বেশি।

খাদ্য পিরামিডের মধ্যে ক্রমশ উপরের স্তরে খাদ্যের যোগান যেমন কমতে থাকে, খাদকের সংখ্যাও হ্রাস পায়। এইভাবে বাস্তুরীতির মধ্যে ভারসাম্য বজায় থাকে।

*[প্রসঙ্গত, মানুষ হল সর্বভুক স্তরের জীব। সুতরাং মানুষের সংখ্যা বা জনসংখ্যা যদি অনিয়ন্ত্রিতভাবে বেড়ে চলে, তা হলে উৎপাদক স্তরে শস্য চাষের উপর কি পরিমাণ চাপ পড়ে, তা সহজেই অনুমান করা যায়। মনে রাখতে হবে, লিন্ডেম্যান-এর "দশ শতাংশ নীতি" অনুসারে প্রতিটি পুষ্টি স্তরে শক্তির যোগান ১০% হারে কমে যায়।]*

**❑ বাস্তুসংস্থানের পিরামিড কয় ধরনের ও কি কি?**

বাস্তুসংস্থানের পিরামিড তিন ধরনের, যেমন—

(১) সংখ্যার পিরামিড (Pyramid of number);

(২) শক্তির পিরামিড (Pyramid of energy);

(৩) জীবভর বা বায়োমাসের পিরামিড (Pyramid of biomass)।

(১) **সংখ্যার পিরামিড** : কোন বাস্তুরীতি বা বাস্তুতন্ত্রে খাদ্যস্তর অনুসারে বিভিন্ন জীবের সংখ্যাকে ক্রমপর্যায়ে সাজালে যে পিরামিড বা শিখর গঠিত হয়, তাকে **"বাস্তুতন্ত্রের সংখ্যার পিরামিড"** বলে।

ইংরাজি ভাষান্তরে একে পিরামিড অফ্ নাম্বার (Pyramid of number) বলা হয়।

আলোচ্য পিরামিড অনুসারে খাদস্তরে জীবের সংখ্যা সবচেয়ে বেশি হয়। এবং পরবর্তী উচ্চতর স্তরগুলিতে জীবের সংখ্যা ক্রমশ কমতে থাকে। যেমন— গাছপালার সংখ্যার তুলনায় পোকা-মাকড়ের সংখ্যা কম। আবার পোকামাকড়ের তুলনায় মাছ, ব্যাঙ ইত্যাদি গৌণ খাদকের সংখ্যা কম।




*সংখ্যার পিরামিড*



Scanned with CamScanner

(২) **শক্তির পিরামিড ঃ** কোন বাস্তুরীতি বা বাস্তুতন্ত্রে খাদ্যস্তর অনুসারে বিভিন্ন জীবের মধ্যে অর্জিত শক্তির পরিমাণ ক্রমপর্যায়ে সাজালে যে পিরামিড বা শিখর গঠিত হয় তাকে **"বাস্তুতন্ত্রের শক্তির পিরামিড বলে।**

ইংরাজি ভাষান্তরে একে "পিরামিড অফ এনার্জি" বা "এনার্জি পিরামিড" (Pyramid of energy or Energy pyramid) বলা হয়।




*শক্তির পিরামিড*

আলোচ্য পিরামিড অনুসারে সর্বনিম্ন খাদ্যস্তরে সৌরশক্তি থেকে অর্জিত শক্তির পরিমাণ সবচেয়ে বেশি। পরবর্তী উচ্চতর পুষ্টির স্তরগুলিতে নিম্নতর স্তর থেকে প্রাপ্ত শক্তির পরিমাণ ক্রমশ কমতে থাকে। বিজ্ঞানী লিন্ডেম্যান এ সম্পর্কে তাঁর বিখ্যাত "দশ শতাংশ সূত্র"-তে বিশদ ব্যাখ্যা করেছেন। যেমন, শক্তির পিরামিড অনুসারে সবুজ উদ্ভিদ স্তরে যে পরিমাণ শক্তি সঞ্চিত রয়েছে, তার সবটা প্রাথমিক খাদক স্তরে খাদ্যের মাধ্যমে পৌঁছাতে পারে না। তাই প্রাথমিক খাদক স্তর, যেমন— কীট-পতঙ্গ স্তরে সঞ্চিত শক্তির পরিমাণ উদ্ভিদ স্তরের তুলনায় কম।

◆ **শক্তি পিরামিডের উপরের স্তরে শক্তির পরিমাণ হ্রাস পাওয়ার কারণ ঃ** শক্তি পিরামিডের উপরের স্তরগুলিতে ক্রমাগত শক্তির পরিমাণ কমতে থাকে। কারণ—

(ক) সবুজ উদ্ভিদ উৎপাদক স্তরে সৌরশক্তি থেকে যে পরিমাণ শক্তি অর্জন করে, তার কিছুটা নিজের শারীরবৃত্তীয় কাজে খরচ করে।

(খ) তৃণভোজী প্রাণীরা সবুজ উদ্ভিদ খায়। সুতরাং তৃণভোজীরা সবুজ উদ্ভিদের থেকে শক্তি অর্জনের সময়ে তাপগতি বিদ্যার দ্বিতীয় সূত্র অনুযায়ী কিছু কম শক্তি পায়। কারণ তাপগতি বিদ্যার দ্বিতীয় সূত্রে বলা হয়েছে যে, শক্তি যখন এক রূপ থেকে অন্য রূপে রূপান্তরিত হয়, তখন কিছুটা শক্তি হ্রাস পায়।

এইভাবে তৃণভোজী থেকে মাংসাশী স্তরে এবং মাংসাশী থেকে আরও উপরের স্তরে শক্তির যোগান ক্রমশ কমতে থাকে।

(৩) **জীবভর বা বায়োমাস-এর পিরামিড ঃ** কোন বাস্তুরীতি বা বাস্তুতন্ত্রে খাদ্যস্তর অনুসারে বিভিন্ন জীবের শুষ্ক ওজন বা জীবভরের পরিমাণ ক্রমপর্যায়ে সাজালে যে পিরামিড বা শিখর গঠিত হয়, তাকে 'বাস্তুতন্ত্রের জীবভর-এর পিরামিড' বলে।



ইংরাজি ভাষান্তরে একে পিরামিড অফ বায়োমাস (Pyramid of biomass) বলা হয়।




*জীবভর বা বায়োমাস-এর পিরামিড*

আলোচ্য পিরামিড অনুসারে সর্বনিম্ন খাদ্যস্তরে জীবের মোট ভরের পরিমাণ সবচেয়ে বেশি হয়। এবং পরবর্তী উচ্চস্তরগুলিতে জীবভরের পরিমাণ ক্রমশ কমতে থাজেক।

❑ **খাদ্যশৃঙ্খল কয়প্রকার ও কি কি?**

বাস্তুতন্ত্রে খাদ্যশৃঙ্খল প্রধানত তিন প্রকার। যেমন— (১) শিকারী খাদ্যশৃঙ্খল (Predator Food Chain) ; (২) পরজীবী খাদ্যশৃঙ্খল (Parasitic Food Chain); (৩) মৃতজীবী খাদ্যশৃঙ্খল (Saprophytic Food Chain)।

(১) **শিকারী খাদ্যশৃঙ্খল (Predator Food Chain) ঃ** যে খাদ্যশৃঙ্খল তৃণভোজী বা শাকাহারী প্রাণীদের প্রাথমিক খাদকস্তর থেকে শুরু হয় এবং খাদ্য-খাদক সম্পর্কের ভিত্তিতে বৃহত্তর মাংসাশী প্রাণীর স্তরে শেষ হয়, তাকে শিকারী খাদ্যশৃঙ্খল বলে। ইংরাজি ভাষান্তরে এই খাদ্যশৃঙ্খলকে 'প্রিডেটর ফুড চেন' বলা হয়।

**উদাহরণ ঃ** ঘাসফড়িং ⟶ ব্যাঙ ⟶ সাপ ⟶ বাজপাখি

(২) **পরজীবী খাদ্যশৃঙ্খল (Parasitic Food Chain) ঃ** যে খাদ্যশৃঙ্খলে খাদ্য-খাদক সম্পর্ক বৃহৎ প্রাণী বা হোস্ট (Host) থেকে শুরু হয় এবং পরজীবী ক্ষুদ্র প্রাণীতে শেষ হয়, তাকে পরজীবী খাদ্যশৃঙ্খল বলা হয়।

**উদাহরণ ঃ** কুকুর ⟶ কৃমি ⟶ বিয়োজক।

(৩) **মৃতজীবী খাদ্যশৃঙ্খল (Saprophytic Food Chain) ঃ** যে খাদ্যশৃঙ্খল শক্তির প্রবাহকে ভিত্তি করে মৃতজীবী বিয়োজক স্তরের মধ্যে আবদ্ধ তাকে মৃতজীবী খাদ্যশৃঙ্খল বলে।

❑ **সালোকসংশ্লেষ কাকে বলে?**

আলোর উপস্থিতিতে সবুজ উদ্ভিদ ক্লোরোফিলের সাহায্যে জল ও কার্বন ডাই-অক্সাইডের রাসায়নিক বিক্রিয়ার ফলে শর্করা জাতীয় খাদ্য উৎপাদন করে এবং কার্বন ডাই-অক্সাইডের সম-অণু অক্সিজেন ত্যাগ করে। এই শারীরবৃত্তীয় প্রক্রিয়াকে উদ্ভিদের সালোকসংশ্লেষ বলে। ইংরাজিতে সালোকসংশ্লেষকে ফটোসিন্থেসিস (Photosynthesis) বলে। এখানে উল্লেখ করা যায় যে, Photo শব্দটির অর্থ আলো এবং Synthesis শব্দটির অর্থ সংশ্লেষ।

যে প্রক্রিয়ায় উদ্ভিদ আলোর ফোটন কণা গ্রহণ করে আলোকশক্তিকে রাসায়নিক শক্তিতে রূপান্তরিত করে তাকেও সালোকসংশ্লেষ বলা হয়।



Scanned with CamScanner

১৮৯৮ সালে বিজ্ঞানী বার্নেস (Barnes) ফটোসিন্থেসিস বা সালোকসংশ্লেষ শব্দটি প্রথম ব্যবহার করেন।

সবুজ উদ্ভিদ মাটি থেকে শিকড়ের সাহায্যে জল শোষণ করে পাতার মেসোফিল[1] কলায় পাঠায়। অন্যদিকে, গাছ পাতার সাহায্যে বায়ু থেকে কার্বন ডাই-অক্সাইড গ্যাস শোষণ করে মেসোফিল কলায় পাঠিয়ে দেয়। সূর্যালোকের উপস্থিতিতে মেসোফিল কলার কোষগুলিতে এই জল ও কার্বন ডাই-অক্সাইড ক্লোরোফিলের সাহায্যে রাসায়নিক বিক্রিয়া করে। ফলে পাতার কোষে শর্করা জাতীয় খাদ্য, গ্লুকোজ তৈরি হয়। এইভাবে সবুজ উদ্ভিদ সালোকসংশ্লেষ করে এবং নিজের প্রয়োজনীয় খাদ্য তৈরি করতে সমর্থ হয়।

সালোকসংশ্লেষ প্রক্রিয়ার রাসায়নিক সমীকরণ হল–

$$\underset{\text{(কার্বন ডাই-অক্সাইড)}}{6CO_2} + \underset{\text{(জল)}}{12H_2O} \xrightarrow[\text{ক্লোরোফিল}]{\text{সূর্যালোক}} \underset{\text{(গ্লুকোজ)}}{C_6H_{12}O_6} + \underset{\text{(জল)}}{6H_2O} + \underset{\text{(অক্সিজেন)}}{6O_2}$$

**❑ সালোকসংশ্লেষের পরিবেশগত গুরুত্ব কি?**

(১) সালোকসংশ্লেষের সাহায্যে সবুজ উদ্ভিদ বায়ু থেকে কার্বন ডাই-অক্সাইড শোষণ করে সম-অণু অক্সিজেন বায়ুমন্ডলে পরিত্যাগ করে। ফলে পরিবেশের মধ্যে অক্সিজেনের নিয়মিত যোগান পাওয়া যায়। সেই কারণে সবুজ উদ্ভিদ ধ্বংস হয়ে গেলে প্রাণীজগতের অস্তিত্ব বিপন্ন হওয়ার আশঙ্কা থাকে।

(২) সালোকসংশ্লেষ প্রক্রিয়ার সাহায্যে সৌরশক্তি রাসায়নিক শক্তিতে রূপান্তরিত হয়। এবং রাসায়নিক শক্তি খাদ্যের মধ্যে স্থৈতিক শক্তিরূপে সঞ্চিত হয়। এর পরে খাদ্যের মাধ্যমে ঐ স্থৈতিক শক্তি প্রাণী ও মানুষের দেহে তাপশক্তি বা গতিশক্তিতে রূপান্তরিত হয়ে থাকে। ফলে সালোকসংশ্লেষ শক্তিচক্রকে অক্ষুণ্ণ রাখে।

(৩) মানুষ তার দৈনন্দিন কাজকর্মের জন্য, কল-কারখানা চালু রাখার জন্য কয়লা ও খনিজ তেলকে জ্বালানী হিসাবে ব্যবহৃত করে। এই কয়লা ও খনিজ তেল যথাক্রমে গাছপালা ও জীবজন্তুর দেহ ভূ-আন্দোলনের ফলে মাটির নিচে চাপা পড়ে থাকা অবস্থায় কোটি কোটি বছর ধরে রূপান্তরিত হওয়ার ফলে সৃষ্টি হয়েছে। সালোকসংশ্লেষের মাধ্যমে সৌরশক্তি রাসায়নিক শক্তি ও স্থৈতিক শক্তিরূপে কয়লা ও পেট্রোলিয়ামের মধ্যে সঞ্চিত রয়েছে বলেই মানুষ এই জ্বালানী উপাদানগুলি থেকে শক্তি আহরণ করতে পারে। এ ছাড়া, মানুষ তুলা, কাগজ, রবার, গঁদ, কুইনাইন প্রভৃতি প্রয়োজনীয় বস্তুগুলি ও গাছপালা থেকেই সংগ্রহ করে। সালোকসংশ্লেষ ছাড়া মানুষের পক্ষে এই সম্পদগুলি কিছুতেই সংগ্রহ করা সম্ভব হত না।

(৪) সালোকসংশ্লেষের সাহায্যে গ্লুকোজ উৎপাদিত হয়ে শ্বেতসার রূপে উদ্ভিদের মধ্যে সঞ্চিত হয়। সমস্ত প্রাণীজগৎ প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এই খাদ্য গ্রহণ করে জীবনধারণ করে। মানুষ ও তৃণভোজী প্রাণী গাছপালার বিভিন্ন অংশ খাদ্য হিসেবে গ্রহণ করে। যেমন--শাক-সব্জি, ধান, গম, ভুট্টা, আলু, মুলো, ছোলা, মটর ইত্যাদি। মাংসাশী প্রাণীরা তৃণভোজী প্রাণীদের খাদ্য হিসাবে গ্রহণ করে এবং উদ্ভিজ্জের রাসায়নিক শক্তি তৃণভোজী প্রাণীদের মাধ্যমে মাংসাশী প্রাণীর দেহে সঞ্চারিত হয়।

*[1] সবুজ পাতার উপরের ত্বক ও নিচের ত্বকের মধ্যে অবস্থিত ক্লোরোফিলযুক্ত কলাকে মেসোফিল কলা বলে।*





**❑ জীব-ভূ-রাসায়নিক চক্র কাকে বলে?**

জীবদেহের একান্ত প্রয়োজনীয় মৌলগুলি, যেমন— কার্বন (C), হাইড্রোজেন (H), অক্সিজেন (O) নাইট্রোজেন (N), ফসফরাস (P), সালফার (S), ক্যালসিয়াম (Ca) ইত্যাদি পরিবেশ থেকে জীবদেহে এবং জীবদেহ থেকে পরিবেশের মধ্যে চক্রাকার পথে আবর্তিত হয়। একে জীব-ভূ-রাসায়নিক চক্র বা জৈব-ভূ-রাসায়নিক চক্র বলা হয়। ইংরাজি ভাষান্তরে এই চক্রকে বায়ো-জিওকেমিক্যাল সাইক্ল (Bio-geochemical Cycle) বলে। আলোচ্য চক্র দু'ধরনের। যেমন— (১) গ্যাসীয় চক্র (Gaseous Cycle); (২) পলল চক্র (Sedimentary Cycle)।

**❑ জীব-ভূ-রাসায়নিক চক্রের পরিবেশগত গুরুত্ব কি?**

জীব-ভূ-রাসায়নিক চক্রের সাহায্যে পরিবেশের মধ্যে জীবনের অস্তিত্বের জন্য প্রয়োজনীয় ছয়টি উপাদানের যোগান অক্ষুণ্ণ থাকে। এই ছয়টি মৌল হল— কার্বন (C), হাইড্রোজেন (H), অক্সিজেন (O), নাইট্রোজেন (N), ফসফরাস (P) ও সালফার (S)। পৃথিবীর সমস্ত উদ্ভিদ, প্রাণী, মানুষ ও জীবাণুর দেহ গঠনের জন্য এই মৌলগুলির আমরণ যোগ্যান একান্ত প্রয়োজন।

জীব-ভূ-রাসায়নিক চক্র আছে বলেই সমগ্র জীবজগৎ এই অত্যাবশ্যক মৌলগুলিকে নিজেদের প্রয়োজনে ব্যবহার করে শেষ করতে পারে না। জীব-ভূ-রাসায়নিক চক্রের অস্তিত্ব না থাকলে পরিবেশে এই মৌলগুলির অফুরন্ত যোগান সম্ভব হত না। ফলে জীবজগৎ ধ্বংস হয়ে যেত।

**❑ জীব-ভূ-রাসায়নিক চক্রকে পরিপোষক চক্র বলে কেন?**

পরিপোষক বা নিউট্রিয়েন্ট (Nutrients) কথাটির অর্থ হল সেই সমস্ত জৈব এবং অজৈব বস্তু যা জীবদেহে প্রবেশ করে বেঁচে থাকার জন্য জীবনীশক্তির যোগান দেয়। এই জীবনীশক্তির জন্য প্রয়োজন হল খাদ্য এবং খাদ্যের মাধ্যমে সমগ্র জীবজগতে কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন, সালফার, ফসফরাস মৌলগুলির সরবরাহ অক্ষুণ্ণ থাকে। যেমন, শর্করা বা কার্বোহাইড্রেটের উপাদান হল কার্বন, হাইড্রোজেন ও অক্সিজেন (যেমন— গ্লুকোজ, $C_6H_{12}O_6$)। আবার প্রোটিন বা আমিষের উপাদান হল কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন, সালফার এবং ফসফরাস। জীব-ভূ-রাসায়নিক চক্রের সাহায্যে পরিবেশে এবং জীবজগতের মধ্যে পরিপোষকের যোগান অক্ষুণ্ণ থাকে বলে একে পরিপোষক চক্র বলে। পরিপোষক চক্রকে ইংরাজি অভিধায় নিউট্রিয়েন্ট সাইক্ল (Nutrient Cycle) বলে।

**❑ কার্বন-চক্র বলতে কি বোঝায়? কার্বন-চক্র কিভাবে কাজ করে?**

যে প্রক্রিয়ায় কার্বন মৌল কার্বন ডাই- অক্সাইড গ্যাস রূপে পরিবেশ থেকে জীবদেহে এবং জীবদেহ থেকে পরিবেশে আবর্তিত হয়ে পরিবেশের মধ্যে কার্বনের সমতা বজায় রাখে তাকে কার্বন-চক্র বলে। এখানে উল্লেখ করা যায় যে, কার্বন একটি মৌলিক পদার্থ। প্রাকৃতিক পরিবেশে কার্বনের অনেক রকম যৌগ পাওয়া যায়। যেমন— কয়লা, খনিজ তেল, লবণ, চুনাপাথর, বিভিন্ন হাইড্রোকার্বন গ্যাস ইত্যাদি। সমস্ত জীবজগতের একান্ত প্রয়োজনীয় শর্করা বা কার্বোহাইড্রেটের অন্যতম উপাদান হল কার্বন।



*কার্বন-চক্র*



Scanned with CamScanner

বায়ুমন্ডলে, সমুদ্রের জলে এবং বারিমন্ডলের অন্যান্য অংশে কার্বন ডাই-অক্সাইড গ্যাস আছে। বায়ুমন্ডলে কার্বন ডাই-অক্সাইড গ্যাসীয় অবস্থায়, জলে দ্রবীভূত অবস্থায় এবং সমুদ্রের জলে বাই-কার্বোনেট যৌগ হিসাবে রয়েছে।

সবুজ উদ্ভিদ কার্বন ডাই-অক্সাইড গ্যাস নিজেদের খাদ্য উৎপাদনের জন্য সালোক-সংশ্লেষের সময়ে শোষণ করে। সালোকসংশ্লেষের ইংরাজি শব্দ হল ফটোসিন্‌থেসিস্।

পরিবেশের মধ্যে খাদ্যশৃঙ্খল বা ফুড চেনের (food chain) সাহায্যে যখন তৃণভোজী প্রাণী উদ্ভিদকে খাদ্য হিসাবে গ্রহণ করে বা মাংসাশী প্রাণী তৃণভোজীদের খায়, তখন প্রকৃতির কার্বন জীবদেহের মধ্যে সঞ্চারিত হয়। এর পরে শ্বাসকার্যের মাধ্যমে বা শরীরের মধ্যে দহন ক্রিয়ার মাধ্যমে কার্বন ডাই-অক্সাইড গ্যাস উৎপন্ন হয় এবং প্রকৃতিতে ফিরে যায়।

উদ্ভিদ ও প্রাণীর মৃত্যুর পরে জীবাণুরা ওই মৃতদেহে পচন ধরায়। এর ফলেও কার্বন ডাই-অক্সাইড গ্যাস তৈরি হয় এবং পরিবেশে আবার ফিরে যায়। এইভাবে পরিবেশ থেকে জীবদেহে এবং জীবদেহ থেকে পরিবেশে কার্বন ডাই-অক্সাইডের আবর্তন ঘটে। ফলে পরিবেশের মধ্যে কার্বন ডাই-অক্সাইডের যোগান অক্ষুণ্ণ থাকে ও সমতা বজায় থাকে।

**❑ পরিবেশে কার্বন ডাই-অক্সাইডের উৎসগুলি কি কি? কার্বন-চক্রের জন্য পরিবেশের কোন্ কোন্ উৎস থেকে কার্বন ডাই-অক্সাইড পাওয়া যায়?**

(১) **কার্বন ডাই-অক্সাইডের উৎস ঃ**

(ক) জীবের শ্বসনের ফলে (respiration) কার্বন ডাই-অক্সাইড উৎপন্ন হয়।

(খ) মৃত জীবদেহ এবং জৈব বস্তুর পচনের ফলে কার্বন ডাই-অক্সাইড উৎপন্ন হয়।

(গ) কয়লা, পেট্রোল, ডিজেল, কেরোসিন, কাঠ প্রভৃতি জৈব জ্বালানীগুলির দহনের ফলে কার্বন ডাই-অক্সাইড উৎপন্ন হয়।

(ঘ) চুনাপাথর, ফেলসপার প্রভৃতি শিলা ও খনিজের সাথে অ্যাসিডের রাসায়নিক বিক্রিয়া কার্বন ডাই-অক্সাইড উৎপন্ন করে।

(ঙ) আগ্নেয়গিরি থেকে অগ্ন্যুৎপাতের সময়ে কার্বন ডাই-অক্সাইড গ্যাস উৎপন্ন হয়।

(২) **জলে কার্বন ডাই-অক্সাইডের উৎস ঃ** বায়ুমন্ডলের কার্বন ডাই-অক্সাইড জলে দ্রবীভূত হয়। জলজ প্রাণীর শ্বসনের ফলেও কার্বন ডাই-অক্সাইড গ্যাস উৎপন্ন হয়ে থাকে।

**❑ নাইট্রোজেন চক্র কাকে বলে? নাইট্রোজেন চক্র কিভাবে কাজ করে?**

যে প্রক্রিয়ায় বায়ুমন্ডলের নাইট্রোজেন জীবজগতে এবং জীবজগৎ থেকে নাইট্রোজেন বায়ুমন্ডলে আবর্তিত হয়ে পরিবেশে নাইট্রোজেনের সমতা বজায় রাখে তাকে নাইট্রোজেন চক্র বলে।

নাইট্রোজেন চক্র জীব-ভূ-রাসায়নিক চক্রের অন্যতম অঙ্গ। এই চক্রের দুটি পর্যায় আছে। যেমন— নাইট্রোজেন স্থিতিকরণ বা স্থায়ীকরণ (Nitrogen fixation) এবং নাইট্রোজেন মোচন (denitrification)।

(১) **নাইট্রোজেন স্থিতিকরণ ঃ** যে পদ্ধতির মাধ্যমে বায়ুমন্ডলের নাইট্রোজেন গ্যাস নাইট্রোজেন ঘটিত যৌগে পরিণত হয় এবং বিভিন্ন জীবাণুদের দ্বারা মাটির মধ্যে আবদ্ধ হয় বা সঞ্চিত হয় তাকে নাইট্রোজেন স্থিতিকরণ বলে। একে নাইট্রোজেন স্থায়ীকরণও বলা যায়। এর ইংরাজি প্রতিশব্দ হল নাইট্রোজেন ফিক্সেশন (Nitrogen Fixation)।





◆ নাইট্রোজেন স্থিতিকরণের পদ্ধতি ঃ

(ক) বজ্রপাত হলে বা আকাশে বিদ্যুৎ চমকালে বিদ্যুতক্ষরণের জন্য বাতাসের নাইট্রোজেন গ্যাস অক্সিজেনের সাথে যুক্ত হয়ে নাইট্রিক অক্সাইড তৈরি করে।

দ্বিতীয় পর্বে নাইট্রিক অক্সাইড বাতাসের অক্সিজেনের সাথে বিক্রিয়া করে নাইট্রোজেন পার-অক্সাইডে পরিণত হয়।

তৃতীয় পর্বে বৃষ্টির জলের সাথে নাইট্রোজেন পার-অক্সাইড বিক্রিয়া করে নাইট্রাস ও নাইট্রিক অ্যাসিড তৈরি করে। বৃষ্টির জল এই অ্যাসিডকে মাটিতে পৌঁছে দেয়।




*নাইট্রোজেন চক্র*

চতুর্থ পর্বে এই দুই ধরনের অ্যাসিড মাটির মধ্যে ক্যালসিয়াম, পটাসিয়াম প্রভৃতি লবণ-গুলির সাথে মিশে নানারকম নাইট্রেট যৌগ তৈরি করে। যেমন— ক্যালসিয়াম নাইট্রেট, পটাসিয়াম নাইট্রেট প্রভৃতি। এইভাবে বায়ুমন্ডলের নাইট্রোজেন মাটিতে মিশে যায়।

(খ) মাটিতে নাইট্রোজেনকে স্থায়ী করার জন্য কিছু ব্যাকটিরিয়া, শৈবাল প্রভৃতি ক্ষুদ্র জীবগুলিও কাজ করে। এরা বায়ু থেকে সরাসরি নাইট্রোজেন শোষণ করে মাটিতে নাইট্রেট রূপে আবদ্ধ করে। যেমন— রাইজোবিয়াম (Rhizobium) নামক ব্যাকটিরিয়া[১]। এ ছাড়া, অ্যাজোটোব্যাকটার (Azotobacter), ক্লসট্রিডিয়াম (Clostridium), সায়ানোব্যাকটিরিয়া (Cyanobacteria), নীলাভ সবুজ শৈবাল (Anabina) ইত্যাদি জীবাণু ও শৈবালগুলি মাটিতে নাইট্রোজেনকে অ্যামোনিয়াম-এ ও পরে নাইট্রেটরূপে সরাসরি আবদ্ধ করে।

(গ) জীবজন্তুর মল-মূত্র এবং উদ্ভিদ ও প্রাণীর মৃতদেহ পচনের সময়ে অ্যামোনিয়া তৈরি হয়। এই অ্যামোনিয়া নাইট্রোসোমোনাস ব্যাকটিরিয়া দ্বারা নাইট্রেটে পরিণত হয়। এইভাবে বায়ুমন্ডলের নাইট্রোজেন মাটিতে আবদ্ধ হয়ে থাকে।

(২) মাটিতে আবদ্ধ নাইট্রেট যৌগ সিউডোমোনাস (Pseudomonus) এবং প্যারাকক্কাস (Paracoccus) নামক ব্যাকটিরিয়া বা জীবাণুর দ্বারা প্রথমে নাইট্রাস অক্সাইড ও পরে নাইট্রোজেন গ্যাসে রূপান্তরিত হয়। এই নাইট্রোজেন বায়ুমন্ডলে ফিরে যায়। যে ব্যাকটিরিয়াগুলি মাটির নাইট্রেট যৌগকে নাইট্রোজেন গ্যাসে রূপান্তরিত করে তাদের ডি-নাইট্রিফাইং (Denitrifying) ব্যাকটিরিয়া বলে। এইভাবে নাইট্রোজেন মৌল পরিবেশে আবর্তিত হয়। এবং নাইট্রোজেন গ্যাসের সমতা বজায় রাখে।

*[এখানে আরও উল্লেখ করা যায় যে, মাটিতে নাইট্রোজেন ঘটিত সার দিলে নাইট্রোজেনের পরিমাণ বৃদ্ধি পায়।]*

**❑ অ্যামোনিফিকেশন কাকে বলে?**

যে পদ্ধতির সাহায্যে মাটিতে বসবাসকারী ব্যাকটিরিয়া [যেমন ব্যাসিলাস মাইকয়ডিস (*Bacillus mycoides*), ব্যাসিলাস র‍্যামোসাস (*Bacillus ramosus*), ব্যাসিলাস ভালগারিস (*Bacillus vulgaris*)]

*[১] রাইজোবিয়াম নামক ব্যাকটিরিয়া মটর, বিন, আলফালফা, শিম, ধঞ্চে প্রভৃতি শিম্বি গোত্রের (লেগুমিনেসি— Leguminasae গোত্রীয়) উদ্ভিদের মূলের গুটির মধ্যে (nodules) বসবাস করে।*



Scanned with CamScanner

নাইট্রোজেন যৌগকে অ্যামোনিয়ামে পরিণত করে তাকে অ্যামোনিফিকেশন বলে। আসলে মৃত উদ্ভিদ ও প্রাণীর দেহে পচনের সময়ে এই ব্যাকটিরিয়াগুলি অতিরিক্ত বা উদ্বৃত্ত অ্যামোনিয়াকে পরিবেশমুক্ত করে দেয়।

**❑ নাইট্রিফিকেশন কাকে বলে?**

নাইট্রিফিকেশন বলতে নাইট্রোজেনের সংযোজনকে বোঝায়। মৃত উদ্ভিদ, প্রাণীদেহ ও অন্যান্য জৈব পদার্থ থেকে নাইট্রোজেন যৌগগুলি বিভিন্ন ব্যাকটিরিয়ার সাহায্যে বিয়োজিত হওয়ার ফলে প্রথমে অ্যামোনিয়া, পরে নাইট্রাইট এবং সবশেষে নাইট্রেট যৌগে পরিণত হয়। জীবদেহ থেকে নাইট্রোজেনের এই মাটিতে ফিরে আসার বা পুনঃপ্রবেশ করার পদ্ধতিকে নাইট্রিফিকেশন বলা হয়। নাইট্রোজেন সংযোজনে যে সমস্ত ব্যাকটিরিয়া অংশগ্রহণ করে তাদের নাইট্রিফাইং ব্যাকটিরিয়া বলে। যেমন— নাইট্রোসোমোনাস, নাইট্রোব্যাক্টর ইত্যাদি।

**❑ নাইট্রোজেন মোচন বা ডি-নাইট্রিফিকেশন কথাটির অর্থ কি?**

মাটির নাইট্রেট যৌগ যে প্রক্রিয়ায় ব্যাকটিরিয়ার দ্বারা রূপান্তরিত হয়ে আবার নাইট্রোজেন গ্যাস হিসাবে বায়ুমন্ডলে ফিরে যায় তাকে নাইট্রোজেন মোচন বা ডি-নাইট্রিফিকেশন বলে। সিউডোমোনাস, থিওব্যাসিলাস ব্যাকটিরিয়া নাইট্রোজেন মোচনে সাহায্য করে।

**❑ অক্সিজেন চক্র কাকে বলে? পরিবেশে এই চক্র কিভাবে কাজ করে?**

যে প্রক্রিয়ায় পরিবেশের অক্সিজেন দহন ও শ্বসনের জন্য ব্যবহৃত হয় এবং সালোকসংশ্লেষের মাধ্যমে আবার অক্সিজেন তৈরি করে পরিবেশের মধ্যে অক্সিজেনের সমতা বজায় রাখে, সেই চক্রাকার প্রণালীকে অক্সিজেন চক্র বলে।




*অক্সিজেন চক্র*

অক্সিজেন চক্রের দুটি পর্যায় আছে। প্রথম পর্যায়ে শ্বাসকার্য ও দহনের জন্য পরিবেশ থেকে অক্সিজেন গৃহীত হয় এবং দ্বিতীয় পর্যায়ে সালোক- সংশ্লেষের ফলে সবুজ উদ্ভিদ অক্সিজেন তৈরি করে বাতাসে ছেড়ে দেয়। ফলে পরিবেশে অক্সিজেনের ভারসাম্য বজায় থাকে।

জীবদেহে খাদ্যশৃঙ্খলের মাধ্যমে যে রাসায়নিক শক্তি স্থৈতিক শক্তি হিসাবে সঞ্চিত হয় তাকে গতিশক্তিতে রূপান্তরিত করার জন্য অক্সিজেন দরকার। প্রধানত শ্বসনের সাহায্যে জীবদেহে শক্তির এই রূপান্তর ঘটে। প্রাণীর শ্বসনের জন্য দরকার অক্সিজেন এবং পরিবেশ সেই অক্সিজেনের যোগান দেয়। এর পরে প্রশ্বাসের মাধ্যমে প্রাণীদেহ থেকে যে কার্বন ডাই-অক্সাইড বেরিয়ে আসে উদ্ভিদ সেই কার্বন ডাই-অক্সাইডকে সালোকসংশ্লেষের সময়ে শোষণ করে ও বায়ুমন্ডলে অক্সিজেন ছেড়ে দেয়। এইভাবে পরিবেশের মধ্যে অক্সিজেন চক্রের মাধ্যমে অক্সিজেন গ্যাসের সমতা বজায় থাকে।

এ ছাড়া, বায়ুমন্ডলে অতি বেগুনী রশ্মির প্রভাবে ওজোন গ্যাস থেকে অক্সিজেন উৎপন্ন হয়। আকাশে বিদ্যুৎ চমকালেও বিদ্যুৎ ক্ষরণের ফলে বাতাসের জলীয় বাষ্প থেকে আলোক রাসায়নিক প্রক্রিয়ায় অক্সিজেন তৈরি হয় ও বায়ুমন্ডলে মিশে যায়।





**❑ ফসফরাস চক্র কাকে বলে? পরিবেশে এই চক্র কিভাবে কাজ করে?**

যে প্রক্রিয়ায় ফসফরাস মৌল পরিবেশ থেকে জীবদেহে এবং জীবদেহ থেকে পরিবেশে আবর্তিত হয়ে পরিবেশে ফসফরাসের সমতা বজায় রাখে তাকে ফসফরাস চক্র বলে।

(১) খনিজ ফসফেট দ্রবণীয় এবং দ্রবণীয় অবস্থায় শিলা ও মাটির মধ্যে পাওয়া যায়। গাছপালা মাটি থেকে এই অজৈব ফসফেট সংগ্রহ করে জৈব ফসফেট তৈরি করে। এর মধ্যে কিছুটা খাদ্যের মাধ্যমে তৃণভোজী প্রাণীদের যোগান দেয়। আর কিছুটা উদ্ভিদের শারীরবৃত্তীয় প্রয়োজন মেটানোর পরে বর্জ্য পদার্থের মাধ্যমে মাটিতে ফিরে যায়।

(২) অন্যদিকে তৃণভোজী প্রাণীরা রেচন (যেমন— মূত্রত্যাগ, মলত্যাগ), ও নিজেদের মৃতদেহের মাধ্যমে মাটিতে জৈব ফসফেট ফিরিয়ে দেয়।

(৩) আবার মাংসাশী প্রাণীরা তৃণভোজীদের খাদ্য হিসাবে গ্রহণ করার ফলে যে জৈব ফসফেটের যোগান পায়, তার কিছুটা নিজেদের প্রয়োজনে খরচ করার পরে, বাকিটা রেচন, বর্জন, ও মৃতদেহের মাধ্যমে মাটিতে ফিরিয়ে দেয়। (সামুদ্রিক পাখিদের কাছ থেকে এই চক্রাকার পরিবর্তনের একটি সুন্দর উদাহরণ পাওয়া যায়। যেমন, সমুদ্রের জলে রয়েছে ফসফরাস। তাই সামুদ্রিক মাছের দেহে জৈব ফসফেট পাওয়া যায়। সামুদ্রিক পাখিরা ঐ মাছ খেলে তাদের দেহেও জৈব ফসফেট স্থানান্তরিত হয়। তাই পাখির বিষ্ঠায় থাকে প্রচুর ফসফেট। একে গুয়ানো (Guano) বলে। পেরু, চিলি প্রভৃতি দেশ জৈব সার হিসাবে এই "গুয়ানো" বিক্রি করে লক্ষ লক্ষ টাকা রোজগার করে।)

(৪) মাটিতে বসবাসকারী জীবাণুরা উদ্ভিদ ও প্রাণীর মৃতদেহ, মল, মূত্রকে পচিয়ে (বিয়োজিত করে) জৈব ফসফেট থেকে অজৈব ফসফেট তৈরি করে। একে "খনিজভবন" বা "মিনেরালাইজেশন" (Mineralisation) বলে। এই অজৈব ফসফেট শিলা ও মাটির মধ্যে সঞ্চিত হয়।




*ফসফরাস চক্র*

**❑ ফসফরাস চক্রের বৈশিষ্ট্য ঃ**

(১) এই চক্রের দুটি "দশা" আছে। একটি স্থলভাগের মধ্যে আবদ্ধ। অন্যটি জলভাগের মধ্যে সীমাবদ্ধ। স্থলভাগে উদ্ভিদ ⟶ প্রাণী ⟶ বিয়োজক অবস্থা হল ফসফরাস চক্রের "স্থলভাগ দশা"। অন্যদিকে জলজ উদ্ভিদ ⟶ জলজ প্রাণী ⟶ বিয়োজক অবস্থা হল ফসফরাস চক্রের 'জলভাগের দশা'। সংশ্লিষ্ট ছবি দু'টিতে এই দশা দেখানো হল।



Scanned with CamScanner




*স্থলভাগের ফসফরাস চক্র*




*জলভাগের ফসফরাস চক্র*

(২) ফসফরাস চক্র পরিবেশে ফসফরাস মৌলের যোগান অক্ষুণ্ণ রাখে। প্রাণীর হাড় ও দাঁত মজবুত রাখার জন্য ফসফরাস দরকার হয়। এ ছাড়া, কোষ ঝিল্লি গঠনের জন্য (cell-membrane), বংশগতির উপাদান DNA, RNA-র জন্য ফসফরাসের প্রয়োজন হয়।

(৩) কার্বন, অক্সিজেন বা নাইট্রোজেন চক্রের মত ফসফরাস চক্রের প্রক্রিয়া দ্রুত নয়।

**❑ সালফার চক্র কাকে বলে? সালফার চক্রের গুরুত্ব কি?**

যে পদ্ধতিতে পরিবেশ থেকে জীবদেহে এবং জীবদেহ থেকে পরিবেশে সালফার আবর্তিত হয় এবং পরিবেশে সালফারের সমতা বজায় রাখে তাকে সালফার চক্র বলা হয়।




*সালফার চক্র*

সালফার চক্রে দুটি পর্ব আছে। একটি প্রাকৃতিক পরিবেশ পর্ব বা পরিবেশ দশা এবং অন্যটি জীবপর্ব বা জীবদশা।

পরিবেশ পর্বে সবুজ উদ্ভিদ জল ও মাটিতে দ্রবীভূত সালফেট শোষণ করে এবং সালফেট প্রোটিন অণুতে পরিণত হয়। শিম্বিগোত্রের উদ্ভিদের শিকড়ে গুটি বা নোডিউল (nodule) গঠনের জন্য সালফার দরকার হয়। এ ছাড়া, তিসি, সয়াবীন প্রভৃতি তেল উৎপাদক ফসলের উৎপাদন ক্ষমতা বাড়ানোর জন্য সালফার দরকার হয়। উদ্ভিদের নাইট্রোজেন আত্তীকরণের কাজেও সালফার যোগসূত্র রক্ষা করে।

জীবপর্বে পরিবেশে খাদ্যশৃঙ্খলের সাহায্যে উদ্ভিদের মধ্যে সঞ্চিত সালফার খাদ্যস্তর অনুযায়ী বিভিন্ন প্রাণীর মধ্যে ছড়িয়ে পড়ে। এরপরে জীবজন্তুর বর্জিত পদার্থ বিয়োজনের মাধ্যমে অতিরিক্ত সালফার পরিবেশে ফিরে আসে।

বিভিন্ন ব্যাকটিরিয়া, ছত্রাক ইত্যাদির সাহায্যে জৈব প্রোটিন ভেঙেও সালফেট পরিবেশে মুক্ত হয়। এখানে উল্লেখ করা যায় যে, উদ্ভিদ ও প্রাণীর দেহের গুরুত্বপূর্ণ উপাদান অ্যামিনো অ্যাসিড ও প্রোটিন তৈরি করার জন্য সালফার একান্ত প্রয়োজনীয়।





বায়ুতে অ্যাসপারজিলাস (Aspergillus) এবং নিউরোসপোরা (Neurospora) ছত্রাক এবং অবায়ুজীবী ইসচেরিসিয়া (Escherichia) এবং প্রোটিয়াস (Proteus) ব্যাকটিরিয়া প্রোটিনকে বিয়োজিত করে পরিবেশের মধ্যে সালফেটকে ফিরিয়ে দেয়। এইভাবে বাস্তুতন্ত্রে সালফার মৌলের যোগান অক্ষুণ্ণ থাকে।

**❑ পরিবেশে সালফারের উৎসগুলি কি কি?**

সালফারের উৎস হল মূলত হাইড্রোজেন সালফাইড ($H_2S$) এবং সালফার ডাই-অক্সাইড গ্যাস ($SO_2$)। আগ্নেয়গিরি থেকে অগ্ন্যুৎপাতের সময়ে এই দুটি গ্যাস প্রচুর পরিমাণে ভূ-গর্ভ থেকে বেরিয়ে আসে।

কয়লা, পেট্রোলিয়াম প্রভৃতি জীবাশ্ম জ্বালানীগুলির দহনের ফলেও বায়ুমন্ডলে হাইড্রোজেন সালফাইড এবং সালফার ডাই-অক্সাইড গ্যাস মুক্ত হয়।

## প্রশ্নাবলী

**★ সংক্ষিপ্ত প্রশ্ন (প্রতিটির মান ১ বা ২) ★**

১. কে সর্বপ্রথম বাস্তুতন্ত্র বা ইকোসিস্টেম কথাটি ব্যবহার করেন? **[১৯৩৫ সালে বিজ্ঞানী ট্যান্‌স্‌লে]**

২. বাস্তুতন্ত্রের উপাদানগুলি কি কি? **[দুটি প্রধান উপাদান। যেমন— অজীবজাত উপাদান, যেমন— নাইট্রোজেন, অক্সিজেন ইত্যাদি এবং জীবজাত উপাদান, যেমন— শৈবাল, উদ্ভিদ ইত্যাদি]**

৩. প্রাথমিক খাদক কি? **[সবুজ উদ্ভিদের উপর নির্ভর করে যে সমস্ত শাকাশী তৃণভোজী প্রাণী বেঁচে থাকে, তাদের প্রাথমিক খাদক বলে। যেমন— গরু, ভেড়া]**

৪. গৌণ খাদক কাদের বলে? **[প্রাথমিক খাদকদের যারা খাদ্য হিসেবে গ্রহণ করে, তাদের গৌণ খাদক বলে। যেমন— জলজ পতঙ্গ, ছোট মাছ, কুকুর, বিড়াল]**

৫. প্রগৌণ খাদক কাদের বলে? **[গৌণ খাদকদের যারা খাদ্য হিসেবে গ্রহণ করে, তাদের প্রগৌণ খাদক বলে। যেমন— বক, পানকৌড়ি, সাপ, মানুষ]**

৬. বিয়োজক কাদের বলে? **[উদ্ভিদ ও প্রাণীর মৃতদেহ যারা বিয়োজিত করে সরল রাসায়নিক যৌগে পরিণত করে, তাদের বিয়োজক বলে। যেমন— ব্যাকটিরিয়া, ছত্রাক]**

৭. মানব বাস্তুসংস্থান কাকে বলে? **[মানুষকে কেন্দ্র করে বাস্তুতন্ত্র ও মানুষের মধ্যে পারস্পরিক সম্পর্ককে মানব বাস্তুসংস্থান বা হিউম্যান ইকলজি (Human Ecology) বলে]**

৮. সম্প্রদায় বা গোষ্ঠী বাস্তুসংস্থান কি? **[কোন নির্দিষ্ট স্থানে বসবাসকারী বিভিন্ন প্রজাতির জীবগোষ্ঠীকে সেই স্থানের পরিবেশ এবং ঐ জীবগোষ্ঠীর মধ্যে সম্পর্কের ভিত্তিতে যখন আলোচনা করা হয়, তখন তাকে সম্প্রদায় বা গোষ্ঠী বাস্তুসংস্থান বলে]**

৯. জনসংখ্যা বাস্তুসংস্থান কাকে বলে? **[কোন নির্দিষ্ট স্থানে বসবাসকারী একটি প্রজাতির জনসংখ্যাকে যখন সেই স্থানের পরিবেশ এবং ঐ প্রজাতির জনসংখ্যার ভিত্তিতে যখন আলোচনা করা হয়, তখন তাকে জনসংখ্যা বাস্তুসংস্থান বলে]**



Scanned with CamScanner

১০. জীবভর বলতে কি বোঝায়? **[বাস্তুতন্ত্রের মধ্যে কোন নির্দিষ্ট স্থানে বসবাসকারী জীবিত প্রাণী ও উদ্ভিদের মোট পরিমাণ বা ভরকে জীবভর (Biomass) বলে]**

১১. বাস্তুতন্ত্রের 'নিসে' বা ইকলজিক্যাল নিসে (Ecological Niche) কাকে বলে? **[বাস্তুতন্ত্রের মধ্যে কোন নির্দিষ্ট জীবের নির্দিষ্ট অবস্থান, জীবনযাত্রার উপায় ও ভূমিকাকে বাস্তুতন্ত্রের 'নিসে' বলে]**

১২. স্বভোজী জীব কাকে বলে? **[স্বভোজী জীব বলতে সেই সব জীবকে বোঝায় যারা সৌরশক্তি শোষণ ক'রে কার্বন, হাইড্রোজেন, অক্সিজেন প্রভৃতি বিভিন্ন অজৈব উপাদানের সাহায্যে নিজেদের খাদ্য তৈরি করতে পারে। যেমন— শৈবাল, সবুজ উদ্ভিদ ইত্যাদি]**

